

**তথ্য কমিশন**  
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩৫/২০১৬

অভিযোগকারী : জনাব বশির আহমদ  
পিতা-হাজী রস্তম আলী  
সাবেক প্রবাস রেষ্ট হাউজ, লাকসাম  
স্টেডিয়াম রোড, নশরতপুর, লাকসাম  
কুমিল্লা।

প্রতিপক্ষ : জনাব মোঃ মোস্তফা কামাল  
ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(আরটিআই)  
হাজী রস্তম আলী বালিকা উচ্চ বিদ্যালয়  
জালগাঁও, ডোমবাড়িয়া, সদর দক্ষিণ, কুমিল্লা।

**সিদ্ধান্তপত্র**  
(তারিখ : ০৩-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ০৫-০৮-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ মোস্তফা কামাল, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(আরটিআই), হাজী রস্তম আলী বালিকা উচ্চ বিদ্যালয়, জালগাঁও, ডোমবাড়িয়া, সদর দক্ষিণ, কুমিল্লা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাস্থ হাজী রস্তম আলী বালিকা বিদ্যালয়ের ২০১৫ সনের অনুষ্ঠিত নির্বাচনের নির্বাচিত কমিটি কর্তৃক অনুমোদিত সকল ক্যাটাগরীর ভোটার লিস্টের আবেদন।  
খ) ২০১৫ সনের নির্বাচনের নির্বাচিত সদস্যগণ কর্তৃক মনোনীত সভাপতির নির্বাচনের রেজুলেশন  
কপির আবেদন।  
গ) ২০১৫ সনের লাগ পূর্বের নির্বাচিত কমিটি ১ম সভার রেজুলেশনের কপির আবেদন।

২। জেলা শিক্ষা অফিসার তার নিকট দাখিলকৃত আপীল আবেদনের প্রেক্ষিতে ১৩-০৮-২০১৬ ইং তারিখের ১৯২৮ নং স্মারকের মাধ্যমে অভিযোগকারীকে তথ্য প্রদানে কোন প্রকার ব্যত্যয় না ঘটলে আবেদনকারীকে তথ্য সরবরাহের জন্য প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদান করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ২৮-০৮-২০১৬ ইং তারিখে অভিযোগকারীকে তার আবেদনে সঠিক নাম ঠিকানা না থাকায় কোন তথ্য পেতে পারেন না মর্মে উল্লেখ করে পত্র প্রেরণ করেন। পরবর্তীতে অভিযোগকারী ১৮-০৮-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনাতে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। তিনি আরো বলেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তার চাহিত তথ্যাদি প্রদান না করায় সংক্ষুক্ত হয়ে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন এবং প্রার্থিত সঠিক তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করার জন্য সুচারূভাবে প্রস্তুত করা হয়েছে। শুনানীঅন্তে অভিযোগকারীকে প্রদান করা হবে মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাতে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাতে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাংগ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ মোস্তফা কামাল, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(আরটিআই), হাজী রশ্মত আলী বালিকা উচ্চ বিদ্যালয়, জালগাঁও, ডোমবাড়িয়া, সদর দক্ষিণ, কুমিল্লা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাইদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার